অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল সিনিয়র প্রশাসন নিয়োগের কথা ঘোষণা করেছেন

ক্যাথরিন গার্সিয়া স্টেট অপারেশন্সের পরিচালকের দায়িত্বপালন করবেন

নেয়িসা আলসিনা প্যান্ডেমিক রিলিফের বিশেষ উপদেষ্টা হিসাবে দায়িত্বপালন করবেন

গভর্নর ক্যাথি হোচুল আজ তার প্রশাসনে দুইটি সিনিয়র পদে নিয়োগের কথা ঘোষণা করেছেন ক্যাথরিন গার্সিয়া এবং নেয়িসা আলসিনা যথাক্রমে স্টেট অপারেশন্সের (State Operations) পরিচালকের এবং প্যান্ডেমিক রিলিফের (Pandemic Relief) বিশেষ উপদেষ্টা হিসাবে দায়িত্বপালন করবেন।

"গত সপ্তাহে যখন আমি আনুষ্ঠানিকভাবে শপথ নেই, আমি ডেলটা ভ্যারিয়েন্ট মোকাবেলা, যত দ্রুত সম্ভম নিউ ইয়র্কবাসীদের সহায়তা প্রদানএবং অ্যালবানির সংস্কৃতি পরিবর্তনে আমার অগ্রাধিকারগুলির রূপরেখা দিয়েছিলাম," **গভর্নর হোচুল বলেন।** "ক্যাথরিন গার্সিয়া এবং নেয়িসা আলসিনা অসাধারণভাবে যোগ্যতাসম্পন্ন এবং জনগণের সেবায় নিবেদিত। তারা জানেন কিভাবে কার্যকর এবং পেশাদার কর্ম পরিচালনা করতে হয়এবং তারা আমাদের স্টেটের সরকারকে নিউ ইয়র্কবাসীদের জন্য আরও উন্নতভাবে কাজ করতে এবং সরকারের প্রতি জনগণের আস্থা ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।"

ক্যাথরিন গার্সিয়াকে স্টেট অপারেশন্সের পরিচালকের দায়িত্বে নিয়োগ করা হয়েছে। পূর্বে, তিনি নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ স্যানিটেশনের (New York City Department of Sanitation) কমিশনার পদে দায়িত্বরত ছিলেন, যেখানে তিনি সংস্থাটির 9,700 সামরিক এবং বেসামরিক কর্মীদের নেতৃত্ব দেন। ছয় বছরের বেশি সময়ের দায়িত্বে, মিস গার্সিয়া ডিপার্টমেন্টটিকে প্রায় 15 ফুট তুষারপাতের মধ্য দিয়ে নেতৃত্ব দিয়েছেন ই-বর্জ্য সংগ্রহ থেকে শুরু করে সর্ব বৃহৎ কার্বসাইড অরগানিক্স প্রোগ্রাম পর্যন্ত পরিবেশগত প্রোগ্রাম বর্ধিত করেছেন, এবং কর্মী এবং বহর উভয়ের পরিচালনায় উদ্ভাবনী প্রযুক্তি প্রয়োগ করেন। ডিপার্টমেন্ট অফ স্যানিটেশনের দায়িত্বের পাশাপাশি তিনি সিটির লেড সিজার (Lead Czar) হিসাবে দায়িত্বপালন করেন, যেখানে তিনি শিশুদের রক্তে সীসার উচ্চ মাত্রা অপসারণেএকটি পরিকল্পনা প্রণয়ন করেন এবং 2019 সালের শীতকালে তিনি নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority) অন্তর্বর্তীকালীন প্রধান হিসাবেও দায়িত্বপালন করেন এবং ফেডারেল সরকারের সাথে একটি চুক্তির বাস্তবায়ন শুরু করেন। মহামারীর সময়ে কমিশনার গার্সিয়া কোভিড-19 (COVID-19) ফুড সিজার (Food Czar) হিসাবে দায়িত্বপালন করেন যা ক্ষুধার্ত নিউ

ইয়র্কবাসীদের মধ্যে দিনে এক মিলিয়নের বেশি খাবার সরবরাহ করে। একজন আজন্ম নিউ ইয়র্কবাসী, কমিশনার গার্সিয়া তার ক্যারিয়ার শুরু করেছিলেন ডিপার্টমেন্ট অফ স্যানিটেশনের একজন ইন্টার্ন হিসাবে। কমিশনার হিসাবে ডিপার্টমেন্টে ফেরত আসার আগে, তিনি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল প্রোটেকশন (New York City Department of Environmental Protection, DEP) এর চিফ অপারেটিং অফিসার হিসাবে দায়িত্বপালন করেন, যেখানে তিনি সিটির পানির সরবরাহ, পানি এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং বর্জ্য পানি শোধনাগারের অপারেশনের দায়িত্বে ছিলেন। DEP তে দায়িত্বপালনের পূর্বে, গার্সিয়া অ্যাপলসিড এর প্রেসিডেন্টের পদে দায়িত্বরত ছিলেন। কমিশনার গার্সিয়া ইউনিভার্সিটি অফ উইসকনসিন-ম্যাডিসন থেকে তার বি.এ. ডিগ্রি অর্জন করেন।

নেয়িসা আলসিনাকে প্যান্ডেমিক রিলিফের বিশেষ উপদেষ্টা হিসাবে নিয়োগ করা হয়েছে। মিস আলসিনা পূর্বে নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলারের প্রধান উপদেষ্টার পদে কর্মরত ছিলেন, যেখানে তিনি অফিসটির আইনি বিষয়াদি তত্ত্বাবধান করেন এবং সিটির অর্থনৈতিক পরিস্থিতির সুরক্ষায় এবং সিটির পাঁচটি গণ পেনশন সিস্টেমে থাকা সংস্থাটির সম্পদের স্বার্থের প্রতিনিধিত্ব করেন। মিস আলসিনা পূর্বে কংগ্রেসওম্যান নিদিয়া এম. ভেলাস্কেজের সিনিয়র পলিসি উপদেষ্টা হিসাবে ওয়াশিংটন ডিসিতে কাজ করেন। এই পদের পূর্বে, তিনি নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশনের (New York City Bar Association) উপদেষ্টা হিসাবে দায়িত্বরত ছিলেন যেখানে তিনি বিভিন্ন বিষয়ে আইনি উপদেশ দিয়েছেন। মিস আলসিনা পূর্বে মিউনিসিপাল ক্রেডিট ইউনিয়নকেও বিভিন্ন আইনি বিষয়ে উপদেশ দিয়েছেন। মিস আলসিনা ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি স্কুল অফ ল থেকে জে.ডি. এবং রাটগার্স ইউনিভার্সিটি থেকে বি.এ. এবং বি.এস. ডিগ্রি অর্জন করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন